



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
সরকারি কলেজ শাখা-২  
www.dshe.gov.bd



নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.৪৭

তারিখ: ১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ  
১৫ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

#### অফিস আদেশ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ০৫/১১/২০২৩ তারিখের ৩৭.০০.০০০০.০৯২.১৫.০৪৯.২১-২০০৯ সংখ্যক প্রজ্ঞাপন মোতাবেক বাগেরহাট জেলার মোংলা উপজেলাধীন সরকারি টি.এ. ফারুক স্কুল এন্ড কলেজে বেসরকারী আমলে নিয়োগকৃত ও কর্মরত ৩৫ (পঁয়ত্রিশ) জন শিক্ষক-কে 'জাতীয়করণকৃত উচ্চ বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারী (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর) আত্মীকরণ বিধিমালা-১৯৮৩' (অধিকতর সংশোধনী-১৯৯৪ ও ১৯৯৫) ও 'সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্মীকরণ বিধিমালা, ২০১৮ অনুযায়ী প্রতিষ্ঠান সরকারিকরণের তারিখ হতে এডহক ভিত্তিতে নিয়োগ প্রদান করা হয়। সে মোতাবেক কলেজে অধ্যক্ষ/প্রধান শিক্ষক না থাকায় নিয়োগকৃত সহকারী প্রধান শিক্ষক জনাব তালুকদার মো: জিয়াদ হোসাইন; উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা বরাবর যোগদান প্রক্রিয়া সম্পন্ন করেন এবং প্রতিষ্ঠানের কার্যাদি পরিচালনার লক্ষ্যে আর্থিক ক্ষমতা প্রদানের জন্য আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে সহকারী প্রধান শিক্ষক জনাব তালুকদার মো: জিয়াদ হোসাইন-কে সরকারি ও বিভিন্ন আর্থিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে শর্ত মোতাবেক সাময়িকভাবে আর্থিক ক্ষমতা প্রদান করা হলো।

#### শর্তসমূহ:

- পরিবর্তীতে অধ্যক্ষের যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- প্রযোজ্য বিধি অনুযায়ী তাঁকে আর্থিক কার্যক্রম পরিচালনা করতে হবে।
- উল্লেখ্য যে, আর্থিক ক্ষমতা থাকাকালীন সময়ে যে কোনো প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনি দায়ী থাকবেন। নির্দিষ্ট রেজিস্টারে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করতে হবে। তিনি এর জন্য কোনো দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

১৫-০১-২০২৪

মোঃ তানভীর হাসান  
সহকারী পরিচালক

ad\_college2@dshe.gov.bd

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.৪৭/১ (১২)

তারিখ: ১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ  
১৫ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা;
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা;
- ৫। জেলা প্রশাসক -----;
- ৬। উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৭। উপজেলা নির্বাহী অফিসার-----;
- ৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন ঢাকা;
- ৯। বিভাগীয়/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, -----;
- ১০। জনাব তালুকদার মো: জিয়াদ হোসাইন, সরকারি টি.এ. ফারুক স্কুল এন্ড কলেজ, মোংলা, বাগেরহাট;
- ১১। ব্যাংক ম্যানেজার ----- এবং

১২। সংরক্ষণ নথি।



*Janib*

১৫-০১-২০২৪  
মোঃ তানভীর হাসান  
সহকারী পরিচালক